

যায়যায়দিন

তারিখ - ২ ৪ JAN 2008 ...
পৃষ্ঠা ৩

২২ Depo 11 -

জাবির ছাত্রদের বিরুদ্ধে মামলা প্রত্যাহার

জাবি প্রতিনিধি

২২ আগস্টের ছাত্র বিক্ষোভের জের ধরে জাহাঙ্গীরনগর ইউনিভার্সিটির ১০-ছাত্রের বিরুদ্ধে মামলা প্রত্যাহার করে নিয়েছে সরকার। এ সংক্রান্ত স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের একটি চিঠি গতকাল ইউনিভার্সিটি প্রশাসনের কাছে পৌঁছেছে। এদিকে মামলা প্রত্যাহারের দাবিতে পূর্বনির্ধারিত কর্মসূচি বাতিল করেছে শিক্ষার্থীরা। ঢাকা ইউনিভার্সিটিতে সংগঠিত ছাত্র বিক্ষোভের জের ধরে জাবিতে ব্যাপক বিক্ষোভ ও ডাকফেরের ঘটনা ঘটে। এতে সাজার ও আত্মলিখা থানায় অজ্ঞাতনামা প্রায় দেড় হাজার শিক্ষার্থীর বিরুদ্ধে চারটি মামলা করে পুলিশ। গত নভেম্বরে আত্মলিখা থানা ১০ ছাত্র ও সাজার থানা দুই ছাত্রের নামে চার্জ শিট প্রদান করলে তাদের নামে গ্রেফতারি পরোয়ানা জারি হয়।

গতকাল ইউনিভার্সিটি প্রশাসনের কাছে ফ্যাক্স পাঠানো স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের উপ-সচিব (আইন) সুজায়েত উল্লাহ স্বাক্ষরিত এক চিঠিতে আত্মলিখা থানায় করা ৭৬ ও ৮১ নম্বর এবং সাজার থানার ৫৯ ও ৬০ নম্বর মামলার প্রসিকিউশন সরকার না চালানোর সিদ্ধান্ত নিয়েছে বলে জানানো হয়।